"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনা বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অডিট শাখা
পরিবহন পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, রোড।
www.tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.১৪২.১৬.০১৮.১৯-১২০

তারিখঃ ০৮ শ্রাবণ ১৪২৬
২৩ জুলাই ২০১৯

বিষয়: বগুড়া জেলার আদমদিঘী উপজেলাধীন তিলছ ইসলামপুর সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা-এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ব্রডশীট জবাব।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত আপত্তি সমূহের ব্রডশীট জবাবের উপর এ বিভাগ কর্তৃক মাদ্রাসার সুপারের প্রতি নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

| ক্র: নং | নির্দেশনা |
|---|---|
| ১। | (গ) স্বীকৃতি নবায়ন হালনাগাদ রাখতে হবে। |
| | (ঘ) নিয়মিত ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে মাদ্রাসা পরিচালনা করতে হবে। |
| | (চ) প্রতি বছর প্রতিষ্ঠানের স্থাবর/অস্থাবর সম্পত্তির স্টকটেকিং ব্যবস্থা চালু রাখতে এবং স্টকটেকিং প্রতিবেদন ম্যানেজিং কমিটির অনুমোদনপূর্বক স্টক রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে। |
| | (ছ) ফাইল রেজিস্ট্রার, চাঁদা আদায়ের রশিদ বহির রেজিস্ট্রার, ডিমান্ড ও রিসিপ্ট রেজিস্ট্রার, সাবসিডিয়ারী রেজিস্ট্রারসহ ব্যবহৃত রেজিস্ট্রারসমূহ যথাযথভাবে ব্যবহার এবং তা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। |
| | (জ) প্রতিষ্ঠানটিতে অতিরিক্ত কোন শাখা বা শিপ্ট চালু নেই বিধায় মতামত প্রয়োজন নেই। |
| | (ঝ) জনাব মো: হারুনুর রশীদ (ইনডেক্স-৬৪৭২৬৪) সহকারি শিক্ষক (কৃষি), জনাব মো: রফিকুল ইসলাম (৬৮৭২৬৫) এমএলএসএস, মো: মিন্টু মিয়া, ইনডেক্স নং-০৯৬৮৬৭ সহকারি শিক্ষক (গণিত), জনাব মো: রফিকুল ইসলাম, ইনডেক্স নং-২১১৬৩৬০ সহকারী শিক্ষক (সমাজ), জনাব মো: বেলাল হোসেন (ইনডেক্স নং-৩৯৭৬৬৪) এমএলএস এবং জনাব মোছা:শিরিন বানু, জুনিয়র শিক্ষক-এর নিয়োগ সংক্রান্ত বিষয়ে পরিদর্শক মহোদয় যে তথ্য দিয়েছেন তা সঠিক নয় বলে সুপার জানান। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সুপারিশের প্রেক্ষিতে বর্ণিত শিক্ষকবৃন্দকে নিয়োগ সংক্রান্ত আপত্তি থেকে অব্যাহতি দেয়া হলো।<br><br>প্রতিষ্ঠানটিতে বর্তমানে ০২ জন মহিলা শিক্ষক কর্মরত আছে। ভবিষ্যতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ২০% মহিলা কোটা পূরণ করার চেষ্টা অব্যাহত রাখতে হবে। |
| | (ট) জনাব মো: মোজাম্মেল হোসেন এবতেদায়ী প্রধান (ইনডেক্স-০৯৪৭৫২ ), জনাব মো: রফিকুল ইসলাম সহকারী শিক্ষক (বিজ্ঞান) এবং, জনাব মোছা: হোসনে আরা বেগম, সহকারি শিক্ষক-এঁর সনদ প্রদর্শন সর্ম্পকিত আপত্তি থেকে অব্যাহতি দেয়া হলো।<br><br>পরিদর্শনকালে সকল শিক্ষক তাঁদের বেতন স্কেল প্রদর্শন করলেও জনাব মো: মোজাম্মেল হোসেন এবতেদায়ী প্রধান (ইনডেক্স-০৯৪৭৫২)কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বিধায় বেতন স্কেল নির্ধারণ করা সম্ভব হয়নি । তাঁর বিষয়ে সুপার জানান ১৯৭৫ সালে ৩য় বিভাগে উত্তীর্ণ। জবাব গ্রহণপূর্বক আপত্তি নিষ্পত্তি করা হলো । |
| | |
| | (ঠ) পরিদর্শনকালে কোন শিক্ষক পূর্ব অভিজ্ঞতা দাবী করেননি বিধায় মতামত প্রয়োজন নেই। |
| ২ | (ক) আর্থিক সামর্থ অনুযায়ী প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো উন্নত করে শিক্ষক মিলনায়তন, বিজ্ঞানাগার , ছাত্রী মিলনায়তন ও পাঠাগার ব্যবস্থা সন্তোষজনক করতে হবে। |
| | (গ) আর্থিক সামর্থ অনুযায়ী প্রতিষ্ঠানটিতে শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থী অনুপাতে বিধি-বিধানের আলোকে প্রয়োজনীয় আসবাবপত্রের ব্যবস্থা করতে হবে। |
| | প্রতিষ্ঠানে ঝরে পড়া শিক্ষার্থীদের হার কমিয়ে আনার লক্ষ্যে সুপারকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। |
| ৩ | (গ) একাডেমিক উন্নয়নের জন্য নিম্নেবণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিসহ সকল সদস্যকে অনুরোধ করা হলো:<br>১. পাঠদানে শিক্ষা উপকরণ ব্যবহার করতে হবে;<br>২. শিক্ষার্থীদের বাড়ির কাজ দিয়ে তা যথাসময়ে আদায় করতে হবে;<br>৩. শ্রেনিকক্ষে শিক্ষকের পাঠদান প্রতিষ্ঠান প্রধানকে নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে;<br>৪. শ্রেণির অপেক্ষাকৃত দূর্বল অমনোযোগী শিক্ষার্থী চিহ্নিত করে তাদেরকে বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে;<br>৫. প্রতিটি শ্রেণিতে মাসিক টিউটোরিয়াল পরীক্ষা চালু করতে হবে;<br>৬. Participatory Method চালু করতে হবে;<br>৭. বার্ষিক অভিভাবক সভা করে ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া এবং উপস্থিতি সম্পর্কে অভিভাবকদেরকে অবহিত করতে হবে; |

D.jobaida.BSR Letter-19

| ক্র: নং | নির্দেশনা |
|---|---|
| | ৮. প্রতিষ্ঠানের লেখা-পড়ার মান উন্নত করার লক্ষ্যে পরিচালনা কমিটি ও শিক্ষকমন্ডলী কর্তৃক যৌথভাবে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে;<br>৯. ইংরেজি ভাষা ও তথ্য প্রযুক্তি ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করতে হবে এবং<br>১০. শ্রেণিকক্ষে পাঠদান যথাযথভাবে পর্যবেক্ষণ করতে হবে। |
| | (ঘ) ১. অভ্যন্তরীণ পরীক্ষা ২.বোর্ড বা পাবলিক পরীক্ষা ৩.বৃত্তি পরীক্ষা এবং ৪.জেডিসি পরীক্ষার সংখ্যাগত ও গুনগত রমানোন্নয়নে প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| | (চ) পাঠাগারঃ পাঠাগারের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার সুপারকে নির্দেশ দেয়া যেতে পারে এবং বিষয়টি নিশ্চিত করার জন্য পরিচালনা কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো:<br>১.পাঠাগারের জন্য কাম্য সংখ্যক পুস্তক সংগ্রহ করা;<br>২. শিক্ষক-শিক্ষার্থীদের নামে নিয়মিত পুস্তক ইস্যু করা;<br>৩. পাঠাগারে পুস্তক যথাযথভাবে সংরক্ষণ করা;<br>৪. পাঠাগারের পাঠ সহায়ক ম্যাগাজিন/পত্রিকা রাখা;<br>৫. পাঠাগারে ছাত্রীদের পাঠ সহায়ক পরিবেশ তৈরী করা। |
| | (ছ) বৈজ্ঞানিক যন্ত্রপাতিঃ প্রতিষ্ঠানটিতে বিজ্ঞান বিভাগ চালু আছে। প্রয়োজনীয়তার নিরিখে বিজ্ঞানাগারে পর্যাপ্ত পরিমানে বৈজ্ঞানিক যন্ত্রপাতি রাসায়নিক দ্রব্যাদি ক্রয় করার জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো। |
| | (জ) সহপাঠ কার্যক্রম: পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান, বৃক্ষরোপন, সামাজিক উন্নয়ন/সচেতনতা বৃদ্ধি, কুইজ, বিতর্ক, ক্রীড়া ম্যাগাজিন, দেয়ালিকা প্রকাশ, জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালন করা সহ সহপাঠ কার্যক্রম আরো গতিশীল করে তথ্য সংরক্ষণের জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| | (ঝ) ঝরে পড়া শিক্ষার্থী: বিগত ০৩ বছরে ঝরে পড়া শিক্ষার্থীর হার কমিয়ে আনার লক্ষ্যে প্রতিষ্ঠানের শিক্ষক, ব্যবস্থাপনা কমিটি ও অভিভাবকদের কার্যকর ভূমিকা পালন করার জন্য নির্দেশ দেয়া হলো। |
| ৪ | (ক) আয়-ব্যয় সংক্রান্ত তথ্য ও মন্তব্য: আয়-ব্যয়ের ক্ষেত্রে নিম্নের নির্দেশনা সমূহ যথাযথভাবে পালন করতে হবে এবং বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো:<br>১. সকল আয়-ব্যয় ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করা;<br>২. খরচের ভাউচারে কমিটির অনুমোদন গ্রহণপূর্বক গার্ড ফাইলে সংরক্ষণ করা;<br>৩. প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করা;<br>৪. প্রতিটি লেনদেন কলামনার ক্যাশবহিতে যথানিয়মে রক্ষণাবেক্ষণ করা;<br>৫. খরচের ভাউচারে আয়ন-ব্যয়ন কর্মকর্তার অনুস্বাক্ষর করা;<br>৬. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ নির্দেশিকা মোতাবেক আয়-ব্যয় নির্বাহ করা;<br>৭. প্রযোজ্য ক্ষেত্রে আয়-কর ও ভ্যাট প্রদান করতে হবে;<br>৮. ক্রয় কমিটির মাধ্যমে ক্রয় কাজ সম্পন্ন করা;<br>৯. প্রযোজ্য ক্ষেত্রে স্পট কোটেশন ও টেন্ডার করতে হবে এবং<br>১০. প্রতি তিন মাস অন্তর অন্তর তিন সদস্য বিশিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি কর্তৃক অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন করে প্রতিবদন কমিটির অনুমোদনপূর্বক সংরক্ষণ করতে এবং পর্যায়ক্রমে সকল শিক্ষককে উক্ত কমিটিতে অন্তর্ভূক্ত করতে হবে এবং পরবর্তী অডিটে এর প্রতিফলন থাকতে হবে। |
| | (খ) অবিলম্বে শিক্ষক-কর্মচারীদের নামে পৃথক ব্যাংক হিসাব চালু করার জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| ৫ | শিক্ষানীতি ২০১০-এর বাস্তবায়ন, ইভটিজিং-এর কুফল সম্পর্কে এবং মানব পাচার রোধ করার ক্ষেত্রে প্রতিষ্ঠানের শিক্ষক, ব্যবস্থাপনা কমিটি ও অভিভাবকদের কার্যকর ভূমিকা পালন করার জন্য নির্দেশ দেয়া হলো। |
| ৬ | বিগত পরিদর্শন : বিগত পরিদর্শন প্রতিবেদনে টাকা ফেরতের সুপারিশ ছিল নিম্নরুপ: জনাব মকবুল হোসেন কর্তৃক অতিরিক্ত গৃহীত মোট ৩১৮০/-টাকা ফেরতের বিষয়ে সুপার জানান পরিদর্শক মহোদয় অত্র অভিযোগ উত্থাপন করেছেন, মাদ্রাসার কাগজ-পত্রে এ বিষয়ে কোন প্রমাণ পাওয়া যায়নি বিধায় আপত্তি নিষ্পত্তি করা হলো। সহকারি মৌলভী জনাব মো: আব্দুল কুদ্দুস কর্তৃক অতিরিক্ত গৃহীত মোট ২৬,৭২০/-টাকা ফেরতের সুপারিশ ছিল। কিন্তু তিনি মৃত্যুবরন করায় তাঁর মৃত্যু সনদের সত্যায়িত কপি ও তাঁর ওয়ারিশ কর্তৃক মোট ২৬,৭২০/-টাকা সরকারী কোষাগারে জমাপূর্বক জমার রশীদ আগামী ২৬/০৮/২০১৯ খ্রি: তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণের জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| ৭ | বিবিধ: অত্র মাদ্রাসায় পরিদর্শনকালে লক্ষ্য করা যায় সুপার-এঁর চেয়ারের উপরে/মাথার উপরে জাতীর জনকের এবং মাননীয় প্রধান মন্ত্রীর প্রতিকৃতি টাঙ্গানো নেই। এ অনিচ্ছাকৃত ভুলের জন্য সুপার ক্ষমা চেয়েছেন এবং তাৎক্ষণিক উহা সুপার সাহেবের মাথার উপরে প্রতিস্থাপন করা হয়। উক্ত অপরাধের কারনে তাঁর বেতন-ভাতাদি বন্ধের সুপারিশ ছিল। উক্ত আপত্তির বিষয়ে সুপার, জেলা শিক্ষা অফিসার এবং মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-এর মতামতের উপর ভিত্তি করে আপত্তি থেকে অব্যাহতি দেয়া হলো। সহকারী মৌলভী জনাব মো: শেরেগুল ইসলাম (ইনডেক্স-৩৯৭৬৬৩) পদত্যাগ করায় তাঁর নাম এমপিও শীট থেকে কর্তন করায় আপত্তি নেই বিধায় মন্তব্য নিষ্পত্তি করা হলো। |

চলমান পাতা - ৩

০২। এমতাবস্থায়, উপরিউক্ত নির্দেশনা অনুসরণ ও বাস্তবায়ন সহ প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত যাবতীয় একাডেমিক ও আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতি এবং অন্যান্য সদস্যগণকে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

স্বা:/
(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)

সুপার,
তিলছ ইসলামপুর সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা,
ডাক: শিববাটী, আদমদিঘী,
জেলা: বগুড়া।

স্মারক নং- ৫৭.০০.০০০০.১৪২.১৬.০১৮.১৯- ১২০

তারিখঃ ০৮ শ্রাবণ ১৪২৬
২৩ জুলাই ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩,৩৭/৩/এ, ইসকাটন গার্ডেন রোড, রমনা,ঢাকা।
২। পরিচালক,পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ২য় ব্লক, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিব, মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা(ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো।)
৭। সভাপতি, তিলছ ইসলামপুর সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা, ডাক: শিববাটী, আদমদিঘী, জেলা: বগুড়া।
৮। যুগ্মসচিব, (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯। উপসচিব, (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০। উপজেলা শিক্ষা অফিসার, বগুড়া ।
১১। অফিস কপি
১২। মাস্টার কপি।

২৬.০৭.১৯
(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব(অডিট)
ফোন: ৯৫৭৫২৭২

D.jobaida.BSR Letter-19